

স্বাভাৱ

অধিষ্ণু ... 15 JUN 1985 ...

পৃষ্ঠা... .. কলাম... ..

001



খান বাহাদুৰ  
আবদুল হাকিমের  
ইন্তেকাল

বিজ্ঞান সংস্কৃতি পরিষদের  
জাতীয় সদস্য বিশিষ্ট শিক্ষাবিদ,  
সমাজকর্মী ও প্রাক্তন ডিপিই খান  
বাহাদুর আবদুল হাকিম সাহেব  
(৮০) গতকাল শুক্রবার সকালে  
সোহরাওয়ার্দী হাসপাতালে বাৰ্ধক্য-  
জনিত রোগে ইন্তেকাল করেন  
(ইমালিমাতে - - - - -)।

তিনি বাংলাদেশ এশিয়াটিক  
সোসাইটির প্রেসিডেন্ট ছিলেন।  
এশিয়াটিক সোসাইটি ও বাংলা  
একাডেমীর ফেলো এবং ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য  
ও একাডেমিক কাউন্সিলের সদস্য  
ছিলেন। তিনি ছিলেন উন্নয়ন  
বিশ্ববিদ্যালয় শিক্ষা পদ্ধতির অন্য-  
তম প্রবক্তা। সুলেখক বিদ্যোৎস-  
সাহী ও শিক্ষানুরাগী হিসেবে তাঁর  
অবদান বিভিন্ন ক্ষেত্রে উল্লেখ-  
যোগ্য। তিনি ঢাকা বিশ্ববিদ্যা-  
লয়ে একটি ফাউন্ডেশনের জন্য  
অর্থ দান করেন এবং এশিয়াটিক  
সোসাইটিতে ফিনান্স ফাউন্ডেশন  
বৃদ্ধি স্থাপন করেন। শিক্ষা ও  
গবেষণার জন্য তাঁর এই দান  
সবিশেষ উল্লেখযোগ্য।

তিনি শিক্ষা বিষয়ে বহুসংখ্যক  
গ্রন্থের রচয়িতা। তাঁর সম্পাদনায়  
চার খণ্ডে বিশাল বাংলা বিদ্যাকোষ  
প্রকাশিত হয়। শিক্ষা ক্ষেত্রে  
বিশিষ্ট অবদানের জন্য বাংলাদেশ  
সরকার তাঁকে ১৯৮২ সালে একুশে  
পদকে ভূষিত করেন।

গতকাল বাদ জুম্মা খান  
বাহাদুর হাকিম সাহেবের নামায়ে  
জানাজা বিশ্ববিদ্যালয় মসজিদে  
অনুষ্ঠিত হয়। অতঃপর বনানী  
গোরস্থানে তাকে দাফন করা  
হয়।

মরহম স্ত্রী, এক ছেলে ৬  
মেয়ে এবং বহু আত্মীয়স্বজন ও  
সুপরিচিত বন্ধুগণের উপস্থিতিতে  
সেই দিনে তাকে দাফন করা  
হয়।